# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ১. মাওলানা রুহুল আমিন বশিরহাটী

অন্যান্য সকল মুসলিম সমাজের ন্যায় বাঙালী মুসলিম সমাজেও জাল হাদীস ছড়িয়ে পড়েছে। পাশাপাশি রাসূলুল্লাহ ﷺ-এর পবিত্র আঙিনাকে মিথ্যার অপবিত্রতা থেকে মুক্ত রাখতে বাঙালী আলিমগণ বিভিন্নভাবে সচেষ্ট থেকেছেন। জাল হাদীসের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি ও জাল হাদীসের ভয়াবহতা ও এ বিষয়ক মূলনীতি সংকলন করা ছাড়াও কোনো কোনো প্রসিদ্ধ বাঙালী আলিম জাল হাদীস সংকলনের মাধ্যমে জাল হাদীস প্রতিরোধে অবিস্মরণীয় অবদান রেখেছেন। এখানে কয়েকজনের অবদান সংক্ষেপে পর্যালোচনা করছি।

৯. ১. মাওলানা রুহুল আমিন বশিরহাটী

বিশ শতকের প্রথমার্ধের অন্যতম প্রসিদ্ধ বাঙালী আলিম আল্লামা রুহুল আমিন (১৩০২/১৮৮২-১৩৬৪হি/১৯৪৫খৃ)। ফুরফরার পীর আবু বকর সিদ্দিকী (১২৬৩/১৮৪৬-১৩৫৮হি/১৯৩৯খৃ)-এর নির্দেশনায় ও তত্ত্বাবধানে তিনি অনেক গ্রন্থ রচনা করেন। তাঁর বিভিন্ন গ্রন্থে তিনি জাল হাদীস বিষয়ক অনেক মূল্যবান তথ্য আলোচনা করেছেন। নিম্নে কয়েকটি নমুনা উল্লেখ করছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন